


গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী পরিচালকের দপ্তর
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
জয়পুরহাট।
dadjoyfire@gmail.com

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জয়পুরহাটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শওকত আলী জোদদার, উপ-সহকারী পরিচালক (চ:দা:), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জয়পুরহাট।
তারিখ : ২৭-১২-২০২২ খ্রি:।
সময় : ১১.০০ ঘটিকা
স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জয়পুরহাট দপ্তর।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের নিয়ে আলোচনা করেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক আবাসিক/বাণিজ্যিক বহুতল ভবনের ছাড়পত্র প্রদান, ফায়ার রিপোর্টের ক্ষেত্রে আবেদনের প্রেক্ষিতে ফায়ার রিপোর্ট প্রদান, স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ প্রদান, ফায়ার সাইন্স এন্ড অকুপেশনাল সেফটি, ফায়ার সেফটি ম্যানেজার কোর্স এবং ফায়ার ডিপ্লোমা কোর্স পরিচালনা করা হয়। অগ্নি প্রতিরোধ, নির্বাপন, উদ্ধার এবং প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। পেনশন মঞ্জুরী, ছুটি মঞ্জুর, কর্মচারী কল্যাণ তহবিল হতে ঋণ ও চূড়ান্ত প্রদান, জিপিএফ ঋণ, কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা পরিচালনা করা হয় এবং ক্রয় ও সরবরাহ (অভ্যন্তরীণ), বৈদেশিক ক্রয়, অগ্নিনির্বাপনী গাড়ী/পাম্প ও সাজসরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ সিটিজেন চার্জার অনুযায়ী সেবা প্রদান করা হয়ে থাকে মর্মে সভায় উপস্থিত সকলে অবগত করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি হল নাগরিক এবং সেবা প্রদানকারীর মধ্যে একটি অঙ্গীকার যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খল আণয়ন করে। সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জয়পুরহাট, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কি ধরনের সেবা প্রদান করে থাকে তা উল্লেখ করেন।

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।




(মোঃ শওকত আলী জোদদার)
উপ-সহকারী পরিচালক (চ:দা:)
জয়পুরহাট।
তারিখঃ

স্মারক নং- ৫৮.০৩.৩৮০৫.০০২.৯৯.০০৪.১৫.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বগুড়া।
- ৩। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, জয়পুরহাট/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল।
- ৪। জনাব মোঃ নবীউল হাসান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপসহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জয়পুরহাট। তাকে পত্রটি ওয়েব সাইডে আপলোড করতে অনুরোধ করা হলো।

০/১

(মোঃ শওকত আলী জোদদার)
উপ-সহকারী পরিচালক (চ:দা:)
জয়পুরহাট।